দৈনিক ইত্তেফাক

তারিখ 02 APR 1994
পৃষ্ঠা ৭ কলাম ৬

36

# আজ ৫টি মেডিক্যাল কলেজে অনির্দিষ্টকালের জন্য ছাত্র ধর্মঘট

আজ (শনিবার) হইতে কুমিল্লা, ফরিদপুর, বগুড়া, দিনাজপুর ও খুলনা মেডিক্যাল কলেজে অনির্দিষ্টকালের জন্য ছাত্র ধর্মঘট আহ্বান করা হইয়াছে। ৫টি

(২য় পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## আজ ৫টি মেডিক্যাল

(১ম পৃঃ পর)

মেডিক্যাল কলেজের 'সীমাহীন সমস্যা' দূর করার জন্য নূতন পাঁচটি মেডিক্যাল কলেজ ঐক্য পরিষদ ১২ দফা অবিলম্বে পূরণের জন্য এই ধর্মঘটের ডাক দিয়াছে। ধর্মঘট চলাকালীন সময়ে সকল ক্লাস ও আইটেম পরীক্ষা বর্জন করা হইবে এবং কোন প্রকার একাডেমিক কার্যক্রমে ছাত্র-ছাত্রীরা অংশগ্রহণ করিবে না। আগামী বুধবার সকাল ১১টায় জাতীয় প্রেসক্লাবের সামনে ছাত্র মহাসমাবেশ অনুষ্ঠিত হইবে। মহাসমাবেশ শেষে প্রধানমন্ত্রীর সচিবালয় অভিমুখে পদযাত্রা করা হইবে।

—প্রেস বিজ্ঞপ্তি